গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কক্সবাজার

## কক্সবাজার জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : মুহম্মদ শাহীন ইমরান, জেলা প্রশাসক, কক্সবাজার
সভার তারিখ ও সময় : ২০ জুন ২০২৩ খ্রিস্টাব্দ, সকাল : ১১.০০ ঘটিকা
সভার স্থান : শহীদ এটিএম জাফর আলম সিএসপি সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক' সন্নিবেশিত

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সদস্য সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য অনুরোধ করলে সদস্য সচিব, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কক্সবাজার সদস্যদের অবগতির জন্য বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। সদস্য সচিব সভাকে জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে খরিপ-২/২০২৩-২৪ মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় সমলয় চাষাবাদ ব্লক প্রদর্শনী ও আমন ধানের হাইব্রিড জাতের বীজ ও সার সরবরাহ বাবদ কৃষি মন্ত্রণালয়ের বাজেটে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতে প্রণোদনা কর্মসূচির ০২টি বরাদ্দ পাওয়া গিয়েছে। কর্মসূচি বাস্তবায়নের জন্য কৃষি মন্ত্রণালয়, উপকরণ-২ শাখার স্মারক নং ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২০.১৯৪, তারিখ: ১৮ জুন ২০২৩ খ্রি: মূলে কক্সবাজার জেলায় সমলয় (Snehronize Cultivation) চাষাবাদ বাবদ ১২,৮৮,০০০/- (বার লক্ষ আটাশি হাজার) টাকা ও স্মারক নং ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২২.১৯৬, তারিখ: ১৮ জুন ২০২৩ খ্রি: মূলে আমন ধানের হাইব্রিড জাতের চাষাবাদ বাবদ ৪,১৭,৫০০/- (চার লক্ষ সতের হাজার পাঁচশত) টাকার অর্থ বরাদ্দ পাওয়া যায়।

উপজেলার আবাদি উপযুক্ত জমির প্রকৃতি, মাটির ধরণ এবং এলাকার উপযোগিতার ভিত্তিতে প্রদত্ত নীতিমালা/বাস্তবায়ন পদ্ধতি পালন সাপেক্ষে উক্ত কর্মসূচি চকরিয়া, রামু, সদর, টেকনাফ ও কুতুবদিয়া উপজেলায় প্রতি উপজেলায় ১০০ জন করে ৫০০ জন উপকারভোগী কৃষকদের মধ্যে জন প্রতি ০২(দুই) কেজি করে আমন হাইব্রিড ধানবীজ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিতরণের জন্য ০১(এক) মেট্রিক টন হাইব্রিড বীজ প্রয়োজন। রোপা আমন ধানের হাইব্রিড বীজ ৩.৯০ মে.টন বেশি ফলনশীল ও এলাকার উপযোগী জাত বিএডিসি/ প্রতিষ্ঠিত বেসরকারি বীজ কোম্পানী হতে সংগ্রহ করতে হবে। এছাড়া আমন ধানের সমলয়ে চাষাবাদ ৫০ একর ব্লক প্রদর্শনীটি উখিয়া উপজেলায় বাস্তবায়নের প্রস্তাব করেন।

**সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:**

**সিদ্ধান্ত নং-১** ঃ কক্সবাজার জেলায় খরিপ-২ আমন মৌসুমে হাইব্রিড বীজ ও সমলয়ে (Snehronize Cultivation) উফশী আমন চাষাবাদের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির আওতায় প্রাপ্ত ৫৫০ বিঘা (প্রতি জন ০১ বিঘা) জমিতে আবাদের জন্য প্রদত্ত নীতিমালা/বাস্তবায়ন পদ্ধতি পালন সাপেক্ষে উক্ত কর্মসূচিসমূহ বাস্তবায়নের জন্য উপজেলাভিত্তিক নিম্নবর্ণিত ছক মোতাবেক উপবরাদ্দ দেয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

খরিপ-২ মৌসুম ঃ আমন সমলয়ে চাষাবাদ (উফশী জাত)

| ক্রঃনং | উপজেলার নাম | উপকার ভোগী কৃষকের সংখ্যা | বীজের পরিমাণ (কেজি) | ইউরিয়া (কেজি) | ডিএপি (কেজি) | এমওপি (কেজি) |
|---|---|---|---|---|---|---|
| ১ | উখিয়া | ৫০ | ৫০০ | ৩৫০০ | ১২৫০ | ১৭৫০ |
| | মোট | ৫০ | ৫০০ | ৩৫০০ | ১২৫০ | ১৭৫০ |

জনপ্রতি উপকরণ বা আর্থিক সহায়তা নিম্নরূপ- ফসল : আমন সমলয়ে উফশী জাত ব্লক চাষাবাদ প্রদশনী

| ক্র: নং | উপকরণ/খাত | ব্লক প্রতি একর খরচ বিবরণী | |
|---|---|---|---|
| | | উপকরণ সহায়তা (পরিমাণ/সংখ্যা/কেজি) | বিঘাপ্রতি আর্থিক সহায়তা (টাকা) |
| ০১ | ট্রে বাবদ | ৯০টি | ১০৮০০.০০ |
| ০২ | আমন হাইব্রীড (উফশী জাত) | ১০ কেজি | ৫০০.০০ |
| ০৩ | ট্রে তৈরি | ০৪ জন | ২০০০.০০ |
| ০৪ | বীজতলার পরিচর্যা | ০৪ জন | ২০০০.০০ |
| ০৫ | রাইচ ট্রান্সপ্লান্টারের সাহায্যে চারা রোপন | থোক | ৩০০০.০০ |
| ০৬ | রাসায়নিক সার ইউরিয়া | ৭০ কেজি | ১৪০০.০০ |
| | ডিএপি | ২৫ কেজি | ৪৭৫.০০ |
| | এমওপি | ৩৫ কেজি | ৬৩০.০০ |
| ০৭ | ফসল কাটা (কম্বাইন হারভেস্টার দিয়ে, মাড়াই, ঝাড়াই) | থোক | ৪৫০০.০০ |
| ০৮ | আনুষাঙ্গিক ব্যয় | থোক | ৩৫৫.০০ |
| | মোট | | ২৫৬৬০.০০ |

ফসল : আমন সমলয়ে উফশী জাত চাষাবাদ ব্লক প্রদর্শনী

| ক্র নং | উপজেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন/বিঘা) | ৩২৫১১০৯- বীজ ও চারা (টাকা) | ৩২৫১১০৫- সার (টাকা) | | | | ৩৬৩১১৯৯- বীজ ও সার বাদে সকল ব্যয় (টাকা) | | | | | মোট বরাদ্দ (টাকা) (৪+৮+১৩) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ইউরিয়া | ডিএপি | এমওপি | মোট (৫+৬+৭) | প্রযুক্তি প্রদর্শনী বোর্ড | সাইন বোর্ড | আনুষাঙ্গিক ব্যয় | প্রত্যাশিত ব্যয় | মোট (৯+১০+১১+১২) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১ | উখিয়া | ৫০ | ২৫০০০ | ৭০০০০ | ২৩৭৫০ | ৩১৫০০ | ১২৫২৫০ | ৩০০০ | ২০০০ | ১৭৭৫০ | ১১১৫০০০ | ১১৩৭৭৫০ | ১২৮৮০০০ |
| | মোট | ৫০ | ২৫০০০ | ৭০০০০ | ২৩৭৫০ | ৩১৫০০ | ১২৫২৫০ | ৩০০০ | ২০০০ | ১৭৭৫০ | ১১১৫০০০ | ১১৩৭৭৫০ | ১২৮৮০০০ |

ফসলের নাম : আমন হাইব্রিড (ধান)

| ক্রঃ নং | উপজেলার নাম | উপকারভোগী কৃষকের সংখ্যা | বীজের পরিমাণ (কেজি) | ডিএপি (কেজি) | এমওপি (কেজি) |
|---|---|---|---|---|---|
| ১ | চকরিয়া | ১০০ | ২০০ | ০ | ০ |
| ২ | রামু | ১০০ | ২০০ | ০ | ০ |
| ৩ | সদর | ১০০ | ২০০ | ০ | ০ |
| ৪ | টেকনাফ | ১০০ | ২০০ | ০ | ০ |
| ৫ | কুতুবদিয়া | ১০০ | ২০০ | ০ | ০ |
| | মোট | ৫০০ | ১০০০ | ০ | ০ |

জনপ্রতি উপকরণ বা আর্থিক সহায়তা নিম্নরূপ- ফসল : আমন হাইব্রিড (ধান)

| ক্রম নং | উপকরণ/খাত | আমন (বিঘা প্রতি খরচ) | |
|---|---|---|---|
| | | উপকরণ সহায়তা (কেজি) | বিঘাপ্রতি আর্থিক সহায়তা (টাকা) |
| ১ | বীজ | ২.০০ | ৮৩০ |
| | মোট | ২.০০ | ৮৩০ |

ফসল : আমন হাইব্রিড বীজ

| ক্র নং | উপজেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন/বিঘা) | ৩২৫১১০৯-বীজ ও চারা (টাকা) | ৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান (টাকা) | | | মোট বরাদ্দ (টাকা) (৪+৭+১০)= ১১ |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট (৮+৯)=১০ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | চকরিয়া | ১০০ | ৮৩০০০ | ৩০০ | ২০০ | ৫০০ | ৮৩৫০০ |
| ২ | রামু | ১০০ | ৮৩০০০ | ৩০০ | ২০০ | ৫০০ | ৮৩৫০০ |
| ৩ | সদর | ১০০ | ৮৩০০০ | ৩০০ | ২০০ | ৫০০ | ৮৩৫০০ |
| ৪ | মহেশখালী | ১০০ | ৮৩০০০ | ৩০০ | ২০০ | ৫০০ | ৮৩৫০০ |
| ৫ | কুতুবদিয়া | ১০০ | ৮৩০০০ | ৩০০ | ২০০ | ৫০০ | ৮৩৫০০ |
| | মোট | ৫০০ | ৪১৫০০০ | ১৫০০ | ১০০০ | ২৫০০ | ৪১৭৫০০ |

**সিদ্ধান্ত নং-২:** কর্মসূচির অর্থ জেলা হিসাবরক্ষণ ও ফিন্যান্স অফিসারের কার্যালয়,কক্সবাজার হতে অগ্রিম উত্তোলন সাপেক্ষে যথাশীঘ্র উপকরণ ব্যয়,পরিবহন ও আনুষঙ্গিক খাতের অর্থ চেকের মাধ্যমে উপজেলায় প্রদানের সিদ্ধান্ত হয়।

**সিদ্ধান্ত নং-৩:** খরিপ-২/২০২৩-২৪ মৌসুমে অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক ০২ কেজি করে হাইব্রিড বীজ সহায়তা পাবেন এবং উপকরণ বিতরণে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কারিগরি সহায়তা প্রদান করবেন। ১ জন উপকারভোগী কৃষককে কেবলমাত্র ১ বিঘা জমির জন্য উপরকণ সহায়তা প্রদান করা যাবে।

**সিদ্ধান্ত নং-৪:** এলাকার উপযোগী হাইব্রিড বীজ বিএডিসি/প্রতিষ্ঠিত বেসরকারি কোম্পানী হতে সংগ্রহ করতে হবে।

**সিদ্ধান্ত নং-৫:** এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য হাইব্রিড রোপা আমন উফশী বীজ ও হাইব্রিড বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা এবং উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাংখিত মানের হতে হবে কোন অবস্থাতেই বীজ ও সার কাংখিত মানের না হলে সেজন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

**সিদ্ধান্ত নং-৬:** উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক আমন হাইব্রিড বীজ ও সমলয় বীজ বিতরণ করে মাস্টাররোলের কপি ও অর্থ খরচের সমন্বয় বিল/ভাউচার (প্রতিটির ০২ কপি) জেলা কমিটির সদস্য সচিবের নিকট ৩০ জুন/০২৩খ্রি: মধ্যে উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক দাখিলের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**সিদ্ধান্ত নং-৭:** ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA`2006 ও PPR`2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

**সিদ্ধান্ত নং-৮:** এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যাতে না হয়, সে বিষয়টি উপজেলা কৃষি অফিসারদের নিশ্চিত করতে হবে।

সভাপতি বীজ ও সার বিতরণে যাতে কোন অনিয়ম না হয় সেদিকে সজাগ দৃষ্টি রেখে কর্মসূচির রোডম্যাপ (কৃষি পুনর্বাসনের পরিপত্র) অনুযায়ী যথাযথ বাস্তবায়নের জন্য সকলকে তাগিদ ও পরামর্শ প্রদান করেন। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

20/06/2026

মুহম্মদ শাহীন ইমরান
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
কক্সবাজার

স্মারক নং ঃ ১২.০১.২০২২.০৪১.৮২.০৭৮.২০- 868/25(b) তারিখ : 20/০৬/২০২৩ খ্রি:

অবগতি ও দ্রুত প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। চেয়ারম্যান, ........................ উপজেলা পরিষদ (সকল), কক্সবাজার
২। উপজেলা নির্বাহী অফিসার, ..................... (সকল), কক্সবাজার
৩। উপজেলা কৃষি অফিসার, ....................... (সকল), কক্সবাজার
৪। ব্যবস্থপনা পরিচালক, চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার লিমিটেট, চট্টগ্রাম
৪। সিনিয়র সহকারী পরিচালক(বীজ)/ উপসহকারী পরিচালক(সার) বিএডিসি, কক্সবাজার আপনাকে উপজেলা কৃষি অফিসার মনোনিত বাহক মারফত প্রণোদনার প্রয়োজনীয় বীজ ও সার সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা
দৃষ্টি আকষর্নে ঃ উপপরিচালক (মনিটরিং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা
২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার
৫। জেলা মৎস্য কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার
৬। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স কর্মকর্তা, কক্সবাজার
৭। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার
৮। অফিস নথি

20/06/2026

মো: কবির হোসেন
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ও
সদস্য সচিব
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
কক্সবাজার।